

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৭১

২০. কোমলতা অধ্যায় (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ১০৯. জান্নাতের তাবুর বর্ণনা

باب فِي خِيَامِ الْجَنَّةِ

## আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا هَمَّامٌ حَدَّثَنَا أَبُو عِمْرَانَ الْجَوْنِيُّ عَنْ أَبِي بَكْرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ قَيْسٍ عَنْ أَبِيهِ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْخَيْمَةُ دُرَّةٌ مُجَوَّفَةٌ طُولُهَا فِي السَّمَاءِ سِتُّونَ مِيلًا فِي كُلِّ زَاوِيَةٍ مِنْهَا أَهْلُ لِلْمُؤْمِنِ لَا يَرَاهُمْ الْآخَرُونَ

## বাংলা

২৮৭১. আবৃ বাকার ইবনু 'আবদুল্লাহ ইবনু কায়স তার পিতা রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "জান্নাতের মধ্যে মোতির নির্মিত শূণ্যগর্ভ একটি তাঁবু থাকবে। আসমানের দিকে এর উচ্চতা হবে যাট মাইল। এর প্রতিটি কোণে থাকবে এক একজন মুমিনের পরিবার। এদের এক কোণের জন অপর কোণের জনকে দেখতে পাবে না।"[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী, বাদউল খালক ৩২৪৫, ৩২৪৬; মুসলিম, জান্নাত ২৮৩৪।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৬০৮৪, ৬৪৩৭ ও সহীহ ইবনু হিব্বান নং ৭৪২০, ৭৪৩৬, ৭৪৩৭ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন